

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



জরুরী বিজ্ঞপ্তি

নং- ১/জেএসসি/নিব:/৪৪১/বি/প

তারিখ: ৩০/০৪/২০২০


বিষয় : ২০২০ সালের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অত্র বোর্ডের অধিভুক্ত সকল নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক স্কুল এবং স্কুল কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধন সংক্রান্ত বিজ্ঞপ্তি নং- ১/জেএসসি (নিব:)/০১ বি.প তাং ০৫/০৩/২০২০ পত্র মোতাবেক বিলম্ব ফি ছাড়া সোনালী সেবার মাধ্যমে টাকা জমাদানের শেষ তারিখ ২২/০৩/২০২০ নির্ধারিত ছিল। করোনা পরিস্থিতির কারণে উক্ত নিবন্ধন কার্যক্রম গত ২৩/০৩/২০২০ ইং তারিখের ১/বিনি-৬/২(৩য় খন্ড)/১৬৬ নং বিজ্ঞপ্তি মারফত স্থগিত করা হয়।

দেশের সার্বিক অবস্থা বিবেচনায় ২০২০ সালের জে.এস.সি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ৮ম শ্রেণির নিবন্ধন কার্যক্রম আগামী ৩১/০৫/২০২০ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

উক্ত বর্ধিত তারিখের পর রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন না করলে দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

প্রাপক: অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা
প্রতিষ্ঠান।


(প্রফেসর দেবশীষ রতন রায়)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
ফোন : ০৭২১-৭৭৫৭৬৮(অফিস)